

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬১০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭০. দুই ব্যক্তির একজন তার সঙ্গীর ইমামতি করলে তারা কিরূপে দাঁড়াবে?

باب الرَّجُلَيْنِ يَوُّمُّ أَحَدُهُمَا صَاحِبَهُ كَيْفَ يَقُومَانِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ بِتُ فِي بَيْتِ خَالَتِي مَيْمُونَةَ فَقَامَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنَ اللَّيْلِ فَأَطْلَقَ الْقِرْبَةَ فَتَوَضَّأَ ثُمَّ أَوْكَأَ الْقِرْبَةَ ثُمَّ قَامَ إِلَى الصَّلَاةِ فَقُمْتُ فَتَوَضَّأُتُ كَمَا تَوَضَّأَ ثُمَّ جِبُّتُ الْقِرْبَةَ فَتُم بَيْمِينِهِ فَأَدَارِنِي مِنْ وَرَائِهِ فَأَقَامَنِي عَنْ يَمِينِهِ فَصَلَيْتُ مَعَهُ .

_ صحيح : م

বাংলা

৬১০। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আমার খালা মায়মূনাহ (রাঃ)-এর ঘরে রাত কাটালাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা উঠে মশকের মুখ খুলে অযু করলেন। তারপর সেটির মুখ বন্ধ করে সালাতে দাঁড়ালেন। আমিও তখন উঠে তাঁর অনুরূপ অযু করে তাঁর বাম পাশে দাঁড়ালাম। তিনি আমার ডান পাশ (বা ডান হাত) ধরে তাঁর পেছন দিক দিয়ে আমাকে ঘুরিয়ে এনে তাঁর ডান পাশে দাঁড় করালেন। এ সময় আমিও তার সাথে সালাত আদায় করলাম।[1]

সহীহ: মুসলিম।

English

'Abd Allah b. 'Abbas said:

when I was spending a night in the house of my maternal aunt Maimunah, the Messenger of Allah (ﷺ) got up at night, opened the mouth of the water skin and performed ablution. He then closed the mouth of the water-skin and stood for prayer. Then I got up and performed ablution as he did; then I



came and stood on his left side. He took my hand, turned me round behind his back and set me on his right side; and I prayed along with him.

ফুটনোট

- [1] মুসলিম (অধ্যায়ঃ মুসাফির, অনুঃ রাতের সালাতে, দু'আ, ১/১৯২), আহমাদ (১২৪৯) 'আত্বা সূত্রে।
- হাদীস থেকে শিক্ষাঃ
- 🕽 । নাফল সালাত জামা'আতে আদায় করা জায়িয।
- ২। দু' জনে জামা'আত হয়।
- ৩। দু' জনের জামা'আতের ইমামের ডান দিকে দাঁড়াবে।
- ৪। সালাতরত অবস্থায় আমলের ইয়াসীর বা হালকা কাজ করা জায়িয।
- ে। কেউ ইমামতির নিয়্যাত না করলেও তার সাথে সালাত আদায়ে শামিল হওয়া জায়িয আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন